


# দৈনিক ইত্তেফাক



## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আগামীকাল অবরোধ ডেকেছে ছাত্রলীগ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ছাত্রলীগ নেতাকে মারগিটের প্রতিবাদে আগামীকাল রবিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবরোধ 'আহবান' করেছে ছাত্রলীগ। এ ঘটনার 'জনা ছাত্রলীগ' শিবির সমর্থকদের দায়ী করে আগামী ৪৮ ঘন্টার মধ্যে ভুক্তিভদের শ্রেফতার না করলে ২৪ ও ২৫শে এপ্রিল আবার অবরোধ ডাকার ঘোষণা দিয়েছে। বৃহস্পতিবার গভীর রাত পর্যন্ত চেষ্টা করেও ছাত্রলীগ হাটহাজারী থানায় মামলা করতে পারেনি।

ছাত্রলীগ ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের জের ধরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গত বছরের আগস্ট থেকে চলতি বছরের ফেব্রুয়ারি পর্যন্ত অটল ছিলো। ২ মার্চ থেকে বিশ্ববিদ্যালয় সচল হওয়ার পর রবিবার আবার অবরোধের মুখে পড়ছে।